আলমডাঙ্গায় পাখিভ্যান চুরির অভিযোগে গণপিটুনিতে যুবক নিহত

আলমডাঙ্গায় পাখিভ্যান চুরির অভিযোগে দুদু (২২) নামে এক যুবক গণপিটুনিতে নিহত হয়েছেন। নিহত দুদু আলমডাঙ্গা উপজেলার আসাননগর গ্রামের মিজানুরের ছেলে। তিনি দুই সন্তানের জনক। তার এক সন্তানের বয়স মাত্র ৪ মাস।

স্থানীয় সূত্রে জানা যায়, হাউসপুর গ্রামের হাফিজুরের ছেলে অন্তুর একটি ভ্যান গত শুক্রবার রাতে চুরি হয়। এ ঘটনায় দুদুর বিরুদ্ধে সন্দেহ করা হলে রোববার সকালে সুমন, আশিক, বায়োজিদ, রফিক ও শাকিলসহ কয়েকজন দুদুর বাড়িতে গিয়ে তার মাকে হুমকি দেয়। তারা বলে, “যেখানেই পাওয়া যাবে, সেখানেই হত্যা করা হবে।”

অভিযোগ রয়েছে, রোববার রাত ৯টার দিকে সংঘবদ্ধভাবে দুদুকে তুলে নিয়ে নির্মমভাবে মারধর করা হয়। পরে গুরুতর আহত অবস্থায় তাকে আলমডাঙ্গার হাউসপুর এলাকার শরিফুলের ক্লিনিকে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এরপর অভিযুক্তরা কৌশলে মরদেহটি হাউসপুর বটতলা এলাকায় ফেলে রেখে পালিয়ে যায় বলে অভিযোগ উঠেছে।

পরে রাত ১১টার দিকে আলমডাঙ্গার হাউসপুর ব্রিজের নিচ থেকে দুদুর মরদেহ উদ্ধার করে আলমডাঙ্গা থানা পুলিশ।

এ ঘটনায় এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আইন নিজের হাতে তুলে নিয়ে এ ধরনের হত্যাকাণ্ডকে স্থানীয় সচেতন মহল মানবাধিকার লঙ্ঘন ও বিচারবহির্ভূত বর্বরতা হিসেবে উল্লেখ করেছেন। অভিযুক্তদের দ্রুত গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন এলাকাবাসী।

জানা গেছে, গত শুক্রবার দুদুর বাড়িতে চারজন যুবক গিয়ে তাকে মৃত্যুর হুমকি দেয়। তারা বলে, “ভ্যান চুরি করেছিস, খুঁজে না পেলে তোকে মেরে দেবো।”

এ বিষয়ে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল বলেন, “আইন নিজের হাতে তুলে নেওয়ার কোনো সুযোগ নেই। যে কোনো অপরাধের বিচার আইনের মাধ্যমেই হতে হবে। এই হত্যাকাণ্ডের ঘটনায় জড়িতদের শনাক্ত করে দ্রুত আইনের আওতায় আনতে পুলিশ কাজ করছে।”

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (AA) [redacted] AA [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] (A [redacted]) [redacted] [redacted] AA [redacted] [redacted] AA [redacted] [redacted] [redacted] [redacted] AA [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] (AAA) [redacted] AA [redacted] AA [redacted] [redacted] [redacted]

> [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted], [redacted] AA [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

মুজিবনগর সড়ক দুর্ঘটনায় যুবকের প্রাণহানি

মেহেরপুরের মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় সবুজ নামের এক যুবক নিহত হয়েছে আহত হয়েছেন, আহত হয়েছেন তৌফিক নামের আরেক যুবক ।

আজ বুধবার রাত সাড়ে ৯টার দিকে মুজিবনগর-দর্শনা সড়কের বল্লভপুর ভোগীর চারা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত সবুজ সদর উপজেলার বাড়িবাকা গ্রামের পাখি সেনের ছেলে।

হাসপাতাল সূত্রে জানা গেছে, যুবক সবুজ ও তৌফিক মোটরসাইকেল যোগে মুজিবননগরের বাগোয়ান গ্রাম থেকে কেদারগঞ্জে দিকে যাচ্ছিল। মুজিবনগর দর্শনা প্রধান সড়কের বল্লভপুর ভোগীর চারা নামক স্থানে পৌছালে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পাশে স্ট্রীট লাইটের পোলের সাথে ধাক্কা মেরে গুরুতর আহত হয় ।

এ সময় পথচারিরা তাদের উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে চিকিৎসক সবুজকে মৃত ঘোষণা করে। এবং তৌফিকের অবস্থা গুরুতর হওয়ায় তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করে।

কুষ্টিয়ায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে যুবক নিহত

কুষ্টিয়ায় ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মনির হোসেন (২২) নামের এক যুবক নিহত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকালে কুষ্টিয়া-রাজবাড়ী মহাসড়কের মোল্লাতেঘরিয়া এলাকায় মনির অক্সিজেনের সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত মনির হোসেন কুমারখালি উপজেলার কয়া আবাসন এলাকার বাসিন্দা।

পুলিশ ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার বিকালের দিকে মনির হোসেন শহরের কাজ শেষে বাইসাইকেলযোগে বাড়ি ফিরতেছিলো। এ সময় মোল্লাতেঘরিয়া এলাকায় মনির অক্সিজেনের সামনে একটি দ্রুতগামী ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

দর্শনায় ইট বোঝায় ট্র্যাক্টটরের চাকায় পিষ্ট হয়ে যুবক নিহত

চুয়াডাঙ্গার দর্শনায় ইট ভর্তি ট্র্যাকটররের চাকায় পিষ্ট হয়ে মিনারুল (১৮) নামের এক যুবক নিহত হয়েছে।নিহত মিনারুল দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া নতুন পাড়ার সার্তকের ছেলে।

প্রত্যক্ষসুত্রে জনাযায়, আজ বুধবার (১৩ মার্চ) সকাল ১০ টার দিকে সুপার ভাটা থেকে ট্রলিতে ইট বোঝায় করে সুপার ভাটার ২শ গজ অদুরে দক্ষিন চাঁদপুর গ্রামের ড্রাইভার ফিনুর কাছ থেকে ট্রলিতে উঠতে যায়।

এ সময় মিনারুলের পা ফসকে চলন্ত ট্র্যাকটররের চাকার নিচে পড়ে যায়।এতে তার শরীলের উপর দিয়ে চলে যায়।সাথে সাথে তার বায়ু পথ দিয়ে নাড়িভুঁড়ি বেরিয়ে ঘটনাস্থলে যুবক মিনারুল নিহত হয়।স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তবত ডাক্টার তাকে মৃত্য ঘোষনা করে।নিহত মিনারুলের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মর্গে আছে বলে জানাযায়। মিনারুলের অকাল মৃত্যুতে তার পরিবারসহ ঐ গ্রামে নেমে এসেছে শোকের মাতম।

এ ঘটনায় দর্শনা থানার ওসি বিপ্লব কুমারসাহা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বিয়ষটি আমি শুনেছি তবে অভিযোগ পেলে আইনি ব্যাবস্থা নেওয়া হবে ভটা মালিকসহ ড্রাইভারের বিরুদ্ধে।

ঝিনাইদহে আলমসাধু ও পাওয়ার টিলারের মুখোমুখি সংঘর্ষে যুবক নি*হত

ঝিনাইদহের মহেশপুরে আলমসাধু ও পাওয়ার টিলারের মুখোমুখি সংঘর্ষে ঘটনা স্থলেই ইউনিলিভার কোম্পানীর এস আর পল্লাদ মালি (২৮) নামের এক যুবক নিহত হয়েছে। নিহত পল্লাদ মালি ঝিনাইদহের কালিগঞ্জ উপজেলার ধুদরাজপুর গ্রামের বাবু মালির ছেলে।

এ ঘটনাটি ঘটেছে আজ রোববার রাত ৮টার দিকে মহেশপুর উপজেলার মহেশপুর-যাদবপুর সড়কের গয়েশপুর নামক স্থানে। পুলিশ নিহত পল্লাদ মালির লাশ উদ্ধার করে মহেশপুর থানায় নিয়ে আসে।

থানা ও এলাকাবাসী সুত্রে জানাগেছে, আজ রোববার রাত ৮টার দিকে যাদবপুর বাজারে ইউনিলিভার কোম্পানীর পণ্য সাপ্লাই দিয়ে মহেশপুরে আসার পথে গয়েশপুর নামক স্থানে পৌছালে বিপরিত দিক থেকে আসা পাওয়ার টিলারের সাথে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে। যাদবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ডাঃ সালাউদ্দীন আহাম্মেদ জানান, গয়েশপুর মোড়ে আলমসাধু ও পাওয়ার টিলারের মুখোমুখি সংঘর্ষে পল্লাদ মালি নামের এক জন জখম হয় এবং ঘটনাস্থলেই তিনি মারা যান।

মহেশপুর থানার সেকেন্ড অফিসার এস আই হাবিবুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, নিহত পল্লাদের লাশ উদ্ধার করা হয়েছে। আগামীকাল সোমবার ঝিনাইদহ মর্গে প্রেরণ করা হবে।

ঝিনাইদহের কালীগঞ্জে সড়ক দুর্ঘটনায় যুবক নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে আরাফাত হোসেন
(২০) নামের এক যুবক নিহত হয়েছে। গতকাল শনিবার রাত দেড়টার দিকে কালীগঞ্জের ফয়লা মিশনপাড়া নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত আরাফাত হোসেন উপজেলা বলিদাপাড়া গ্রামের আব্দুল কাদেরের ছেলে। সে পেশায় বাসের হেলপার। স্থানীয়রা জানায়, রাত দেড়টার দিকে মোটর সাইকেল যোগে বাসের ড্রাইভারকে বাড়িতে পৌঁছে নিয়ে নিজ বাড়িতে ফিরছিলো। পথে কালীগঞ্জ-কোলা সড়কের ফয়লা মিশনপাড়া নামক স্থানে পৌঁছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের গাছের সাথে ধাক্কা লেগে গুরুতর আহত হয়। খবর পেয়ে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মীরা সেখান থেকে তাকে উদ্ধার করে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

কালীগঞ্জ থানার ওসি মাহবুবুর রহমান দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে বলেন, সড়ক দুর্ঘটনায় কালীগঞ্জ থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

আলমডাঙ্গার গোকুলখালিতে ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে যুবক নিহত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে সুজিত মাঝি (৩২) নামের এক যুবক নিহত হয়েছে। দুর্ঘটনার পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত ব্যাক্তিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রবিবার সকাল সাড়ে ৯ টায় চুয়াডাঙ্গা-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের উপজেলার গোকুলখালি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সুজিত মাঝি

চুয়াডাঙ্গা সদর উপজেলার হাজরাহাটি গ্রামের মৃত রতন মাঝির ছেলে।

স্থানীয়রা জানান, রবিবার সকালে সুজিত আলমসাধু যোগে মেহেরপুরে মুদি দোকানের মালামাল নিয়ে যাচ্ছিলো। পথেই গোকুলখালি বাজার প্রাঙ্গণে পৌছালে বিপরীত দিক থেকে আসা ট্রাকে মুখোমুখি সংঘর্ষ হয়। নিহত সুজিত আলমসাধু গাড়ি থেকে ছিটতে রাস্তায় পড়ে গুরুত্বর আহত হয়। চুয়াডাঙ্গা সদর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তাকে হাসপাতালে নিলে পথেই তিনি মারা যান।

নিহত সুজিত মাঝির মা বলেন, আমার ছেলে পেশায় আলমসাধু চালক। রবিবার সকালে এক ব্যক্তির সঙ্গে মুদি মালামাল নিয়ে মেহেরপুরে যাচ্ছিল। বাড়ি থেকে যাওয়ার ঘন্টা-খানেক পর শুনতে পাই, ছেলে আর বেঁচে নেই।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. নুরজাহান খাতুন বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর তাকে মৃত ঘোষণা করা হয়। সুজিতের মাথাসহ শরীরের বিভিন্নস্থানে আঘাতপ্রাপ্ত হয়েছিল। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, ঘটনার পর চালক ট্রাকটি নিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত অবস্থায় সুজিতকে উদ্ধার করে সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরবর্তী আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

ঝিনাইদহে ট্রাকচাপায় দুই যুবক নিহত

ঝিনাইদহের সদর উপজেলায় ট্রাকচাপায় মোটরসাইকেল আরোহী দুই যুবক নিহত হয়েছেন। শনিবার (১৪ জানুয়ারি) সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার ঝিনাইদহ-যশোর মহাসড়কের কয়ারগাছি এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন-কালীগঞ্জ উপজেলার ষাটবাড়িয়া রবিউল ইসলাম মনিরের ছেলে শাকিল হোসেন (২০) ও একই গ্রামের মিটুল বিশ্বাসের ছেলে রাকিব

বিশ্বাস (২০)। তারা দুইজন ঝিনাইদহ সদর হাসপাতাল এলাকায় ওষুধ ফার্মেসিতে কাজ করতো।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, ঝিনাইদহ সদর হাসপাতাল এলাকায় একটি ফার্মেসিতে কাজ করতেন শাকিল ও রাকিন। আজ সকালে মোটরসাইকেলে কালীগঞ্জ থেকে ঝিনাইদহে যাচ্ছিলেন তারা। ঝিনাইদহ-যশোর মহাসড়কের কয়ারগাছি এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা ইটবোঝাই ট্রাক তাদের চাপা দেয়। এতে ঘটনাস্থলেই দুই জনের মৃত্যু হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বিষয়টি নিশ্চিত করে বলেন, দুই জনের লাশ উদ্ধার করা হয়েছে। ঘাতক ট্রাক শনাক্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।